

## মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৩]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ বাহনে আরোহন করে ফতোয়া দেয়া

### باب الْفُتْيَا وَهُوَ وَقِفٌ عَلَى الدَّابَّةِ وَغَيْرِهَا

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو بْنِ الْعَاصِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّ رَسُولَ اللَّهِ وَقَفَ فِي حَجَّةِ الْوَدَاعِ بِمَنْى لِلنَّاسِ يَسْأَلُونَهُ، فَجَاءَهُ رَجُلٌ فَقَالَ: لَمْ أَشْعُرْ فَحَلَقْتُ قَبْلَ أَنْ أَذْبَحَ؛ فَقَالَ أَذْبَحْ وَلَا حَرَجَ. فَجَاءَ آخَرُ فَقَالَ: لَمْ أَشْعُرْ فَنَحَرْتُ قَبْلَ أَنْ أَرْمِيَ؛ قَالَ أَرْمِ وَلَا حَرَجَ. فَمَا سَأَلَ النَّبِيُّ عَنْ شَيْءٍ قُدِّمَ وَلَا أُخِّرَ إِلَّا قَالَ أَفْعَلْ وَلَا حَرَجَ. (بخارى: ১১১১)

বাংলা

৭৪) আব্দুল্লাহ ইবনে আমর বিন আস্ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিদায় হজ্জের দিন মিনায় মানুষের প্রশ্নের উত্তর দেয়ার জন্য দাঁড়ালেন। তখন একজন লোক এসে বললঃ হে আল্লাহর রাসূল! অজ্ঞতা বশত আমি কুরবানীর জন্ত যবেহ করার পূর্বেই মাথা কামিয়ে ফেলেছি। তিনি বললেনঃ এখন যবেহ কর, কোন অসুবিধা নেই। অন্য এক লোক এসে বললঃ আমি তো জানিনা, তাই পাথর নিক্ষেপ করার পূর্বেই কুরবানীর জন্ত যবেহ করে ফেলেছি। তিনি বললেনঃ এখন পাথর নিক্ষেপ কর, কোন অসুবিধা নেই। আব্দুল্লাহ ইবনে আমর বলেনঃ সেদিন পূর্বে কিংবা পরে করা হয়েছে- এমন যত প্রশ্নই করা হয়েছে উত্তরে তিনি বলেছেনঃ কর, কোন অসুবিধা নেই।

## English

To give a religious verdict while riding an animal or standing on anything else

Narrated `Abdullah bin `Amr bin Al `Aas:

Allah's Messenger (ﷺ) stopped (for a while near the Jimar) at Mina during his last Hajj for the people and they were asking him questions. A man came and said, "I forgot and got my head shaved before slaughtering the Hadi (sacrificing animal)." The Prophet (ﷺ) said, "There is no harm, go and do the slaughtering now." Then another person came and said, "I forgot and

slaughtered (the camel) before Rami (throwing of the pebbles) at the Jamra." The Prophet (ﷺ) said, "Do the Rami now and there is no harm." The narrator added: So on that day, when the Prophet (ﷺ) was asked about anything (as regards the ceremonies of Hajj) performed before or after its due time, his reply was: "Do it (now) and there is no harm."

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৮৩

ইসলামিক সেন্টারঃ ৮৩

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88769>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন